

When to Come to Hospital in Labour

প্রসবের জন্য কখন হাসপাতালে আসতে হবে

Bengali

September 2018

বাড়ী থেকে বের হওয়ার আগে অনুগ্রহ করে আপনার সন্তানের জন্ম যেখানে হবে অর্থাৎ বার্থিং সার্ভিসে কিংবা আপনার ধাত্রী অথবা মিডওয়াইফ এর সাথে যোগাযোগ করুন। আপনাকে কি করতে হবে তা ধাত্রী অথবা মিডওয়াইফ আপনাকে বলবেন এবং আপনার যে কোন প্রশ্নের উত্তর দেবেন।

এটি যদি আপনার প্রথম সন্তান হয়ে থাকে

আপনার সন্তান প্রসবের দিন যদি কাছাকাছি হয়ে থাকে (৩৭ সপ্তাহ কিংবা তার চেয়ে বেশি), তাহলে আপনাকে হাসপাতালে আসতে হবে:

- আপনার প্রসব ব্যাথা যখন নিয়মিত এবং তীব্র হচ্ছে এবং শুরু থেকে শেষ পর্যন্ত ৬০ সেকেন্ড স্থায়ী হচ্ছে। আপনার প্রসব ব্যাথা যাকে ইংরেজিতে বলা হয় কন্ট্রাকশন তা অন্তত এক ঘন্টা ধরে একই রূপে আসবে। বেশীর ভাগ মহিলাদের ক্ষেত্রে প্রসব ব্যাথা তিন থেকে পাঁচ মিনিটের ব্যবধানে আসে।

অথবা

- যখন আপনার “পানি ভাঙবে”। এটি হল সেই সময় যখন শিশুর চারপাশ ঘিরে থাকা পানির ব্যাগ ভাঙে। আপনার ক্ষেত্রে ফোঁটায় ফোঁটায় পানি নির্গত হতে পারে কিংবা হঠাৎ প্রবল বেগে পানি বেরিয়ে আসতে পারে। আপনার যখন পানি ভাঙবে তখন একটি স্যানিটারি প্যাড লাগিয়ে নিলে ভাল হবে। আপনি যখন হাসপাতালে আসবেন তখন আপনার ধাত্রী অথবা মিডওয়াইফ পানির রং এবং গন্ধ পরীক্ষা করে দেখবেন।

অথবা

- যদি আপনার উজ্জ্বল লাল রঙের রক্তপাত হয়ে থাকে।

এটি যদি আপনার প্রথম বাচ্চা হয়ে থাকে এবং আপনি যদি ৩৭ সপ্তাহের কম অন্তঃসত্তা হন, তাহলে প্রসবের লক্ষণ যেমন প্রসব বেদনা, পানি ভাঙা কিংবা রক্তপাত হলে, আপনার উচিত হবে হাসপাতালের সাথে যোগাযোগ করা।

যদি আপনি এর আগে সন্তান জন্ম দিয়ে থাকেন

আপনার প্রসব ব্যাথা বা কন্ট্রাকশন যখন প্রায় পাঁচ থেকে সাত মিনিটের ব্যবধানে হবে তখন আপনাকে হাসপাতালে আসতে হবে। এটি ব্যাতিত আপনাকে উপরে প্রদত্ত পরামর্শ অনুসরণ করতে হবে।

ইংরেজিতে কথা বলতে গেলে যদি আমার সাহায্যের প্রয়োজন হয়?

আপনার যদি ইংরেজি বুঝতে কিংবা ইংরেজি কথা বলতে সহযোগিতার দরকার হয়, তাহলে পেশাদার দোভাষী রয়েছে। আপনার সাথে আপনার একজন পারিবারিক সদস্য কিংবা বন্ধু থাকতে পারে, কিন্তু আপনার চিকিৎসা সম্পর্কিত আলোচনা হতে হবে একজন পেশাদার দোভাষীর মাধ্যমে। **দোভাষী পরিষেবা ফ্রি এবং গোপনীয়।**

আপনাকে যদি দোভাষী দেওয়া না হয়ে থাকে তাহলে আপনার অধিকার আছে একজনকে চেয়ে নেওয়ার। কর্মীরা আপনার জন্য একজন দোভাষীর ব্যবস্থা করে দেবেন।

আমাদের সাথে যোগাযোগের জন্য যদি আপনার একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে ১৩১ ৪৫০ নম্বরে টেলিফোন ইন্টারপ্রেটার সার্ভিসের (TIS) সাথে যোগাযোগ করুন।

স্থানীয় যোগাযোগ

নাম: _____ ফোন: _____